# SOP (Standard Operating Procedure)

**SOP'র নাম** **সীফ্যারারের সিডিসি (CDC) প্রদান সংক্রান্ত SOP**

| পৃষ্ঠা | ৬ | SOP নং | |
|---|---|---|---|
| SOP অনুমোদনকারী | নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা | অনুমোদনের তারিখ | |
| SOP ব্যবহারকারী | সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্রগাম | বাস্তবায়নের তারিখ | |

## ১. উদ্দেশ্য:

SOP তৈরীর মূল উদ্দেশ্য হচ্ছে নাগরিক সনদ বা সিটিজেন চার্টার মোতাবেক সিডিসি (CDC) এর জন্য সীফ্যারারের আবেদনের প্রেক্ষিতে সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম কর্তৃক সিডিসি ইস্যু প্রক্রিয়াকে একটি সুনির্দিষ্ট ব্যবস্থাপনার অধীনে পরিচালনা করা, সেবার উৎকর্ষতাসাধন ও সহজীকরন করা এবং উক্ত সিডিসি ইস্যুর প্রক্রিয়ায় প্রধান অফিস হিসেবে নৌপরিবহন অধিদপ্তরের ভূমিকা ব্যাখ্যা করা।

## ২. লক্ষ্য:

SOP তৈরীর লক্ষ্য হচ্ছে সিডিসি ইস্যুকারী কর্তৃপক্ষ হিসেবে শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস ও তাঁর অধীন কর্মরত কর্মচারীদের দায়িত্ব সিডিসি ইস্যুর ধাপ মোতাবেক নির্দিষ্টকরনের মাধ্যমে সীফ্যারারের সিডিসি ইস্যুর সম্পূর্ন প্রক্রিয়াটিতে ধারাবাহিকতা, গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

## ৩. বাংলাদেশী আইন ও বিধি মোতাবেক সিডিসি (CDC) কী?

সিডিসি (CDC) হচ্ছে সীফ্যারারের ধারাবাহিক নিষ্কৃতি সনদ বা Continuous Discharge Certificate যাকে প্রচলিত ভাবে সিডিসি বুক বলা হয়।

মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ১০৭ মোতাবেক বাংলাদেশী সীফ্যারারের জন্য মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ফরমেট মোতাবেক শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস ধারাবাহিক নিস্কৃতি সনদ বা সিডিসি (CDC) ইস্যু করে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত সরকারি/বেসরকারি একাডেমী বা ইন্সটিটিউট হতে দুই (০২) বছর মেয়াদী প্রী-সি প্রশিক্ষণ প্রাপ্ত ক্যাডেট ও ন্যূনতম তিন (০৩) মাস মেয়াদী প্রী-সি প্রশিক্ষণ প্রাপ্ত রেটিং অনুকূলে সিডিসি ইস্যু করা হয়।

এছড়াও সময় সময় নৌপরিবহন অধিদপ্তর হতে এনওসি প্রাপ্ত সিওসি (COC) ধারী সীফ্যারারের অনুকূলে সিডিসি (CDC) ইস্যু করা হয়।

পূর্বে ০৫ (পাঁচ) বছর মেয়াদী হাতে লেখা সিডিসি প্রদান করা হতো। পরবর্তীতে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ফরমেট মোতাবেক বিগত ০৯ নভেম্বর, ২০১৭ তারিখ হতে হাতে লেখা সিডিসির পরিবর্তে নিরাপত্তা বৈশিষ্ট্যযুক্ত পেপারে দশ (১০) বছর মেয়াদী মেশিন রিডেবল সিডিসি শিপিং মাস্টার কর্তৃক ইস্যু করা হচ্ছে।

ধারাবাহিক নিস্কৃতি সনদ বা সিডিসিতে সীফ্যারারের ছবি, চাকুরির জন্য প্রয়োজনীয় তথ্যাদি ও স্বাক্ষর, ইস্যুর তারিখ ও মেয়াদ উত্তীর্নের তারিখ ইত্যাদি উল্লেখ্য থাকে এবং এর ভয়েজ বিবরনী পৃষ্ঠায় সীফ্যারারের জাহাজে যোগদানের তারিখ ও স্থান, জাহাজ হতে অব্যাহতির তারিখ ও স্থান, জাহাজের বিবরন সংক্রান্ত সিল ও জাহাজ মাস্টারের স্বাক্ষর থাকে। সরকারি সমুদ্র পরিবহন অফিস কর্তৃক চুক্তিপত্রে স্বাক্ষরের মাধ্যমে অথবা নিজ দাযিত্বে জাহাজে যোগদান করলে উক্ত ভয়েজটি শিপিং মাস্টার এন্ডোর্সমেন্ট প্রদান করেন। সিডিসি (CDC) এর মেডিকেল পৃষ্ঠায় নৌপরিবহন অধিদপ্তর অনুমোদিত চিকিৎসকের মেডিকেল ফিটনেস সনদ মোতাবেক সরকারি সমুদ্র পরিবহন অফিস কর্তৃক এন্ডোর্সমেন্ট করা হয়।

## ৪. সিডিসি (CDC) ইস্যুকারী হিসেবে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাঃ

মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ১০৭ মোতাবেক বাংলাদেশী সীফ্যারারের ধারাবাহিক নিস্কৃতি সনদ বা সিডিসি ইস্যুকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম অথবা মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ৮(৩) মোতাবেক শিপিং মাস্টারের অধীন দায়িত্বপ্রাপ্ত উপ-শিপিং মাস্টার ও সহকারি শিপিং মাস্টার।

**যোগাযোগের ঠিকানা:**

**শিপিং মাস্টার**

সরকারি সমুদ্র পরিবহন অফিস

সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।

ফোন: ৮৮০-৩১-৭২৩৭৫৪

ইমেইল: gso@gso.gov.bd

ওয়েবসাইট: www.gso.gov.bd

## ৫. সিডিসি (CDC) ইস্যুর প্রক্রিয়া, সময় ও বাস্তবায়নকারীঃ

### ৫.১ নতুন সিডিসি (CDC) ইস্যুঃ

| ক্রমিক | কার্যক্রম | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সরকার কর্তৃক অনুমোদিত সরকারি/বেসরকারি একাডেমী বা ইন্সটিটিউট হতে পাসিং আউট সম্পন্ন ক্যাডেট/রেটিংস/জুনিয়র ইলেকট্রো টেকনিক্যাল অফিসার কে এনওসি প্রদান | ---- | মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর এবং কমান্ড্যান্ট/অধ্যক্ষ, সরকারি/বেসরকারি একাডেমি/ইন্সটিটিউট |

| ক্রমিক | কার্যক্রম | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০২ | এনওসি প্রাপ্ত সীফ্যারারের অনলাইন আবেদন গ্রহণ | রিয়েল টাইম | অপারেটর, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৩ | সিডিসিগ্রহণকারী সীফ্যারার এর শিপিং মাস্টারের নিকট উপস্থিতি ও অঙ্গীকারনামা গ্রহণ | সরকারি কর্মদিবসে সকাল ১১:০০ ঘটিকার মধ্যে | শিপিং মাস্টার,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৪ | আবেদনকারীর অনলাইন আবেদন, তথ্যাদি, আপলোডকৃত ডকুমেন্টস ও পুলিশ প্রতিবেদন যাচাইকরন। | ২ ঘন্টা | অপারেটর, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৫ | যাচাইকৃত সঠিক অনলাইন আবেদন অধিকতর যাচাইয়ের জন্য সিডিসি ইনচার্জের নিকট প্রেরণ। | রিয়েল টাইম | অপারেটর, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৬ | আবেদনকারীর অনলাইন আবেদন, তথ্যাদি, আপলোডকৃত ডকুমেন্টস ও পুলিশ প্রতিবেদন যাচাইকরন। | ৩০ মিনিট | ইনচার্জ, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৭ | যাচাইকৃত সঠিক অনলাইন আবেদন অনুমোদনের জন্য শিপিং মাস্টারের নিকট প্রেরণ। | রিয়েল টাইম | ইনচার্জ, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৮ | সঠিক অনলাইন আবেদন অনুমোদন প্রদান | ২০ মিনিট | শিপিং মাস্টার,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৯ | সরকারি সমুদ্র পরিবহন অফিসের সিডিসি বালাম বইয়ে এন্ট্রি প্রদান | ৩০ মিনিট | অপারেটর, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১০ | অনুমোদিত অনলাইন আবেদন ডাটাবেজ হতে প্রিন্ট প্রদান | ৩০ মিনিট | অপারেটর, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১১ | আবেদনকারীর ছবি ও প্রিন্ট সিডিসি পৃষ্ঠা সিডিসি বইয়ে পেস্টিং | ৩০ মিনিট | দায়িত্বপ্রাপ্ত অফিস কর্মচারী,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১২ | সিডিসি বই ও বালাম বইয়ে ইস্যুকারী কর্মকর্তার স্বাক্ষর প্রদান | ১০ মিনিট | শিপিং মাস্টার,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১৩ | স্বাক্ষর সম্পন্ন ইস্যুকৃত সিডিসি বই ও ছবি স্ক্যান করে ডাটাবেজে আপলোড করন | ২০ মিনিট | অপারেটর, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১৪ | সিডিসি ডেলিভারী রেজিস্টারে এন্ট্রি ও সীফ্যারারকে সিডিসি প্রদান | ১০ মিনিট | ইনচার্জ, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |

## ৫.২ নবায়নকৃত সিডিসি (CDC) ইস্যুঃ

| ক্রমিক | কার্যক্রম | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | ০৫ বছর মেয়াদী সিডিসিধারী সীফ্যারারের অনলাইন আবেদন গ্রহণ | রিয়েল টাইম | অপারেটর, সিডিসি শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০২ | সিডিসিগ্রহণকারী সীফ্যারার এর শিপিং মাস্টারের নিকট উপস্থিতি ও অঙ্গীকারনামা গ্রহণ | সরকারি কর্মদিবসে সকাল ১১:০০ ঘটিকার মধ্যে | শিপিং মাস্টার,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৩ | আবেদনকারীর অনলাইন আবেদন, | ৩০ মিনিট | অপারেটর, সিডিসি শাখা, |

| ক্রমিক | কার্যক্রম | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | তথ্যাদি, আপলোডকৃত ডকুমেন্টস ও পুরাতন সিডিসি বই যাচাইকরন। | | সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৪ | যাচাইকৃত সঠিক অনলাইন আবেদন অধিকতর যাচাইয়ের জন্য সিডিসি ইনচার্জের নিকট প্রেরণ। | রিয়েল টাইম | অপারেটর, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৫ | আবেদনকারীর অনলাইন আবেদন, তথ্যাদি, আপলোডকৃত ডকুমেন্টস ও পুরাতন সিডিসি বই যাচাইকরন। | ২০ মিনিট | ইনচার্জ, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৬ | যাচাইকৃত সঠিক অনলাইন আবেদন অনুমোদনের জন্য শিপিং মাস্টারের নিকট প্রেরণ। | রিয়েল টাইম | ইনচার্জ, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৭ | সঠিক অনলাইন আবেদন অনুমোদন প্রদান | ২০ মিনিট | শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৮ | সরকারি সমুদ্র পরিবহন অফিসের সিডিসি বালাম বইয়ে আপডেট এন্ট্রি প্রদান | ২০ মিনিট | অপারেটর, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৯ | অনুমোদিত অনলাইন আবেদন ডাটাবেজ হতে প্রিন্ট প্রদান | ৩০ মিনিট | অপারেটর, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১০ | আবেদনকারীর ছবি ও প্রিন্ট সিডিসি পৃষ্ঠা সিডিসি বইয়ে পেস্টিং | ৩০ মিনিট | দায়িত্বপ্রাপ্ত অফিস কর্মচারী, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১১ | সিডিসি বই ও বালাম বইয়ে ইস্যুকারী কর্মকর্তার স্বাক্ষর প্রদান | ১০ মিনিট | শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১২ | স্বাক্ষর সম্পন্ন ইস্যুকৃত সিডিসি বই ও ছবি স্ক্যান করে ডাটাবেজে আপলোড করন | ২০ মিনিট | অপারেটর, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১৩ | সিডিসি ডেলিভারী রেজিস্টারে এন্ট্রি ও সীফ্যারারকে সিডিসি প্রদান | ১০ মিনিট | ইনচার্জ, সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস |

## ৬. সিডিসি (CDC) ইস্যুর ফি সংগ্রহ পদ্ধতিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় এর পত্র নং-০৭.০০.০০০০.১৪৪.০৫২.১১৮.২০১৩(অংশ)-০৭, তারিখ: ০৪-০৬-২০১৮খ্রি: মোতাবেক অনুমোদিত সিডিসি ইস্যু ফি নিম্নরূপঃ

| ক্রমিক | সিডিসির ধরন | সিডিসি ইস্যু ফি | ভ্যাট |
|---|---|---|---|
| ০১ | নতুন সিডিসি ইস্যু | ৩০০০/- | ৪৫০/- |
| ০২ | নবায়নকৃত সিডিসি ইস্যু | ৩০০০/- | ৪৫০/- |

উক্ত ফি সমূহ অনলাইন আবেদনের ক্ষেত্রে অনলাইন পেমেন্ট গেটওয়ে ব্যবহার করে পরিশোধযোগ্য। এছড়া জরুরী প্রয়োজনে সিডিসি ইস্যু ফি সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামের রূপালী ব্যাংক কালেকশন বুথ অথবা হিসাব শাখার সরকারি ফরম নং-১ এর মাধ্যমে পরিশোধযোগ্য।

অনলাইন পেমেন্ট গেটওয়ে, রূপালী ব্যাংক কালেকশন বুথ অথবা হিসাব শাখার সরকারি ফরম নং-১ এর মাধ্যমে আদায়কৃত সিডিসি ইস্যু ফি ও ভ্যাট নন ট্যাক্স রেভিনিউ হিসেবে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়।

## ৭. সিডিসি (CDC) বই সংরক্ষনঃ

নৌপরিবহন অধিদপ্তর অনুমোদিত ও সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন বাংলাদেশ লিমিটেড হতে বিশেষ নিরাপত্তা বৈশিষ্ট যুক্ত সিডিসি বই সমূহ সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম এর অফিস তত্বাবধায়কের নিকট সংরক্ষিত থাকে। সিডিসির প্রিন্টেবল পৃষ্ঠা (পৃষ্ঠা ৬-৭) পৃথক ভাবে শিপিং মাস্টারের নিকট সংরক্ষিত। সিডিসি প্রিন্টিং এর পূর্বে সিডিসি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মচারী অফিস তত্বাবধায়ক ও শিপিং মাস্টার এর নিকট হতে যথাক্রমে সিডিসি বই ও সিডিসির প্রিন্টেবল পৃষ্ঠা (পৃষ্ঠা ৬-৭) আবেদনের মাধ্যমে সংগ্রহ করে। নির্ধারিত সিডিসি বই এর সিকিউরিটি নাম্বারের সাথে প্রিন্টেবল পৃষ্ঠার সিকিউরিটি নাম্বার মিল রেখে সিডিসি তথ্যাদি প্রিন্ট করে বইয়ে পেস্টিং করা হয়। সমগ্র প্রক্রিয়াটি অধিকতর সতর্কতার সাথে যাচাই করে সম্পন্ন করা হয়।

## ৮.১ সিডিসি (CDC) এর তথ্যাদি অনলাইন ডাটাবেজে সংরক্ষনঃ

ইস্যুকৃত সিডিসির নাম্বারের বিপরীতে সীফ্যারারের ছবিসহ প্রয়োজনীয় তথ্যাদি ও ভয়েজ ইতিহাস বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের অধীন ন্যাশনাল ডাটা সেন্টারের ডাটাবেজে সংরক্ষন করা হচ্ছে। উক্ত ডাটাবেজের ডাটার নিরাপত্তা নিশ্চিতকরনের জন্য ডাটাবেজের যাবতীয় ক্রেডেনশিয়াল ও নিরাপত্তা পাসওয়ার্ড সমূহ সরকারি সমুদ্র পরিবহন অফিস কর্তৃক নিয়ন্ত্রিত।

## ৮.২ সিডিসি (CDC) এর তথ্যাদি বালাম বইয়ে সংরক্ষনঃ

ইস্যুকৃত সিডিসির নাম্বারের বিপরীতে সীফ্যারারের ছবিসহ প্রয়োজনীয় তথ্যাদি ও ভয়েজ ইতিহাস সরকারি সমুদ্র পরিবহন অফিসের বালাম বই (শিপিং অফিস ফরম নং-২০ এ) তে সংরক্ষন করা হচ্ছে। উক্ত বালাম বই সমূহ সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামের সিডিসি শাখায় নিরাপত্তার সাথে সংরক্ষন করা হচ্ছে।

## ৮.৩ সিডিসি (CDC) ইস্যু সংক্রান্ত ফাইল সংরক্ষনঃ

সিডিসি ইস্যু করার পূর্বে নির্ধারিত ফাইলের মাধ্যমে শিপিং মাস্টারের প্রশাসনিক অনুমোদন গ্রহণ প্রয়োজন হয়। উক্ত অনুমোদন প্রক্রিয়াটি সংশ্লিষ্ট ফাইল বা ই-ফাইলিং প্রক্রিয়ায় সম্পন্ন করা হয়। সরকারি সমুদ্র পরিবহন অফিস উক্ত ফাইল সমূহ ০২ (দুই) বছর পর্যন্ত সংরক্ষন করে।

## ৯ সিডিসি (CDC) এর অনলাইন আবেদন ও আবেদন অনুমোদন লিংকঃ

সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগামের সরকারি ওয়েবসাইট www.gso.gov.bd এ সীফ্যারারের সিডিসির অনলাইন আবেদন এবং সরকারি সমুদ্র পরিবহন অফিস এর অপারেটর ও এডমিন (শিপিং মাস্টার) কর্তৃক সিডিসি আবেদন অনুমোদন লিংক প্রদান করা হয়েছে।

## ১০. রেফারেন্সঃ

ক. অঙ্গীকারনামাঃ সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগামের সরকারি ওয়েবসাইট www.gso.gov.bd এ সিডিসি গ্রহণের অঙ্গীকারনামা আপলোড প্রদান করা হয়েছে।

খ. সিটিজেন চার্টারঃ সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগামের সিটিজেন চার্টার এ সিডিসি ইস্যুর জন্য প্রয়োজনীয় তথ্যাদি দেয়া আছে। উক্ত সিটিজেন চার্টারটি অত্র অফিসের ওয়েবসাইট www.gso.gov.bd এ আপলোড করা আছে এবং সীফ্যারারের জন্য অফিস করিডরে দৃশ্যমান রাখা আছে।

গ. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ, ১৯৮৩ ও এর অধীন নৌপরিবহন মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্র নং-৪(১৩)/৯৪-জা-৩/৮০২, তারিখ: ২১-১২-১৯৯৪ ইং মোতাবেক সরকারি সমুদ্র পরিবহন অফিস সিডিসি (CDC) ইস্যু করে থাকে।

## ১১. সংজ্ঞাঃ

- "সরকার" অর্থ নৌপরিবহন মন্ত্রণালয়
- "অধিদপ্তর" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983 (Ordinance No. XXVI of 1983) এর অধীন স্থাপিত নৌপরিহন অধিদপ্তর;
- "সরকারি সমুদ্র পরিবহন অফিস" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983 (Ordinance No. XXVI of 1983) এর অধীন স্থাপিত সরকারি সমুদ্র পরিবহন অফিস বা Government Shipping Office ;
- "মহাপরিচালক" অর্থ নৌপরিহন অধিদপ্তরের মহাপরিচালক
- "শিপিং মাস্টার" অর্থ সরকারি সমুদ্র পরিবহন অফিসের শিপিং মাস্টার
- "BMSO" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983
- "CDC" অর্থ Continuous Discharge Certificate
- "COC" অর্থ Certificate of Competency
- "Operator" অর্থ CDC website Online Operator
- "Admin" অর্থ CDC website Online Admin

মহাপরিচালক

তারিখঃ

নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা